



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৮.২০২০-/১৩৭৭/৬

তারিখ : ০২/০৩/২০২১ খ্রি.

বিষয় : চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন নাসিরকোট শহীদ স্মৃতি কলেজের জনাব আইয়ুব আবেদীন চৌধুরী, প্রভাষক(ইংরেজি) এর বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জনাব আইয়ুব আবেদীন চৌধুরী এর গত ২৯/১১/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন নাসিরকোট শহীদ স্মৃতি কলেজের জনাব আইয়ুব আবেদীন চৌধুরী, প্রভাষক(ইংরেজি) বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন।

দাবীকৃত বকেয়ার বিষয়ে আইন শাখার মতামত : চাঁদপুর জেলার নাসিরকোট শহীদ স্মৃতি ডিপ্রি কলেজের প্রভাষক(ইংরেজি) জনাব আইয়ুব আবেদীন চৌধুরীকে কলেজ কর্তৃপক্ষ বিগত ২৮/০৭/২০১২ তারিখে সাময়িক বরখাস্ত করেন। সাময়িক বরখাস্তের বিষয়ে তিনি হাজীগঞ্জ সহকারী জজ আদালত এ দেওয়ানী মোকদ্দমা নং ৬৪/২০১২ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিগত ৩০/০৯/২০১৫ তারিখের রায় বাদীর পক্ষে হয়। রায়ে ২৮/০৭/২০১২ তারিখে সাময়িক বরখাস্তের আদেশ বেআইনি, অকার্যকর, বাতিল মর্মে ঘোষণা করা হয় এবং বাদীকে শিক্ষকতার কার্যক্রম চালিয়ে যেতে এবং বেতন-ভাতাদি গ্রহণে বাধা সৃষ্টি না করা হয় মর্মে আদেশ দেয়া হয়। দেওয়ানী মোকদ্দমার রায়ের বিষয়ে কলেজ কর্তৃপক্ষ জেলা জজ আদালত, চাঁদপুর এ দেওয়ানী আপিল মোকদ্দমা নং ১২/২০১৬ দায়ের করেন। উক্ত আপিল মোকদ্দমায় বিগত ৮২৯/০৮/২০১৯ তারিখে না মঞ্জুর হয় এবং নিম্ন আদালতের রায় ও আদেশ বহাল রাখা হয়। পরবর্তীতে দেওয়ানী মোকদ্দমার রায় ও আদেশ বাস্তবায়ন না হওয়ায় বিজ্ঞ সহকারী জজ আদালত, হাজীগঞ্জ, চাঁদপুর এ জনাব আইয়ুব আবেদীন চৌধুরী দেওয়ানী ডিক্রি মোকদ্দমা নং ০২/২০২০ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিগত ১২.১০.২০২০ তারিখের রায় ও আদেশে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে ডিক্রিদারীর(বাদী) সমুদয় প্রাপ্য প্রদানের নির্দেশনা দেন। এখানে দেখা যায় যে, বিজ্ঞ জজ আদালত দেওয়ানী মোকদ্দমায় বাদীর সাময়িক বরখাস্তকে অবৈধ ঘোষণা করেন এবং তাঁকে কাজ করার সুযোগসহ বেতন উত্তোলনের নির্দেশ দেন। জনবল কাঠামো অনুসারে সংশ্লিষ্ট শিক্ষকের বেতন-ভাতা বকেয়া হওয়ায় মূল কারণ কলেজ কর্তৃপক্ষ এবং বাদীর মধ্যে অভ্যন্তরীন কোনোল জনবল কাঠামো-২০১৮ এর ১৮.৬ ধারা অনুসারে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর মধ্যে অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্টি মামলার কারণে বেতন ভাতাদির সরকারি অংশ উত্তোলন করা সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪/৩/২০২১.৩.২১

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

নাসিরকোট শহীদ স্মৃতি কলেজ  
হাজীগঞ্জ, চাঁদপুর।

বিতরণ(সদয় অবগতি) :

- ১। সভাপতি, গভর্নিং বডি, নাসিরকোট শহীদ স্মৃতি কলেজ, হাজীগঞ্জ, চাঁদপুর;
- ২। জনাব আইয়ুব আবেদীন চৌধুরী, প্রভাষক(ইংরেজি), নাসিরকোট শহীদ স্মৃতি কলেজ, হাজীগঞ্জ, চাঁদপুর;
- ৩। সংরক্ষণ নথি।